দৈনিক খবর

তারিখ 23 AUG 1993
পৃষ্ঠা 8 কলাম 4

204

# শিক্ষা প্রতিমন্ত্রী সকাশে পিটিআই শিক্ষক নেতৃবৃন্দ

বাংলাদেশ পিটিআই শিক্ষক সমিতির নেতৃবৃন্দ গত শনিবার শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খানের সাথে এক বৈঠকে মিলিত হন।

পিটিআই শিক্ষক নেতৃবৃন্দ পিটিআইগুলোকে প্রাইমারী ট্রেনিং কলেজে রূপান্তর ও পিটিআই ইন্সট্রাক্টরদেরকে প্রথম শ্রেণীর মর্যাদা এবং পদোন্নতিসহ পিটিআই শিক্ষকদের বিভিন্ন সমস্যা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। –তথ্য বিবরণী।

শিক্ষা প্রতিমন্ত্রী পিটিআই শিক্ষকদের বিভিন্ন সমস্যা ধৈর্যসহ শুনেন এবং তাদের ন্যায়সংগত দাবী পূরণের আশ্বাস দেন।

বৈঠকে অন্যান্যের মধ্যে সমিতির সভাপতি শহিদুল্লাহ, সাধারণ সম্পাদক মাইনুদ্দিন ভূঁইয়া, সহ–সভানেত্রী মিসেস মায়া দেব রায় ও জাহানারা বেগম, সাংগঠনিক সম্পাদক এম এ বারী, সিরাজুল্লাহ, হেদায়েতুল্লাহ মেহিদী বিল্লাহ, নির্মল শর্মা, আবু বকর সিদ্দিক, তপন কুমার দাস, মোঃ ইসরাফিল, আবুল বাশার খান, বাদল চন্দ্র বিশ্বাস, আবু হোসেন বিশ্বাস, হারুন–অর–রশিদ ও নাসিমা আখতার উপস্থিত ছিলেন।